গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১৮

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ২২

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ২৪

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ২৫

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে অর্থবছরে কুমিল্লা সেনানিবাসের অভ্যন্তরস্থ মহাসড়ক, ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক, অক্সিজেন-হাটহাজারী মহাসড়ক ৪ লেনে উন্নীতকরণ; গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প; কক্সবাজার-টেকনাফ-মেরিন ড্রাইভ ও ইবিবিআইপি প্রকল্প; তৃতীয় কর্ণফুলী সেতু, সাহাবাজপুর সেতু, কাজিরটেক সেতু, ছোট ফেনী নদী সেতু, মোক্তারপুর চরসিন্দুর সেতু, ভুলতা, মহিপাল, শাসনগাছা, কোনাবাড়ি, চন্দ্রা ফ্লাইওভার নির্মাণ সম্পন্ন করেছে।সর্বমোট ৮৩৯৩ কিলোমিটার মহাসড়কের সার্ফেসিং, ৩০৬৯ কিলোমিটার মহাসড়ক প্রশস্তকরণ, ২৯৪৮ কিলোমিটার মহাসড়ক মজবুতিকরণ, ১০৪৭৩ মিটার সেতু ও কালভার্ট নির্মাণ এবং ৭১২৬ মিটার সড়ক পুনঃনির্মাণ করেছে।এমআরটি-৬ এর ২০.১০ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ১৫.১১ কিলোমিটার ভায়াডাক্টের Erection সম্পন্ন হয়েছে। এছাড়া ০২ জুন ২০২১ তারিখ দ্বিতীয় মেট্রো ট্রেন সেট ঢাকার উত্তরাস্থ ডিপোতে এসে পৌঁছেছে। একই সময়ে আধুনিক ও ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ পদ্ধতির অংশ হিসেবে ১৩,৮০,০০০টি যানবাহনের ডিজিটাল রেজিঃ সার্টিফিকেট ইস্যু ও ১৭,৯২,০০০টি ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন এবং ২,৬২,০০০ জন পেশাদার গাড়ীচালককে রিফ্রেশার প্রশিক্ষণসহ ৩৭০২৯ জনকে ড্রাইভিং প্রশিক্ষণ দেয়া হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

অতিরিক্ত যানবাহন চলাচলের ফলে যানজট, সড়কের স্থায়িত্ব দ্রুত নষ্ট হয়ে যাওয়া, সড়ক নিরাপত্তা এবং সরকারী কাজে আর্থিক ও কারিগরি সক্ষমতার অভাব সড়কের অন্যতম সমস্যা। বিভিন্ন সংস্থার প্রত্যাশিত সহযোগিতার অভাবে ঢাকা ও পার্শ্ববর্তী এলাকার গণপরিবহনসহ সড়ক অবকাঠামোসমূহ নির্মাণের ক্ষেত্রে আশানুরূপ সমন্বয় হচ্ছেনা।গণসচেতনতা, বিআরটিএ'র পর্যাপ্ত জনবল ও অবকাঠামো এবং প্রশিক্ষিত গাড়ী চালকের অভাব ও অবহেলায় সড়ক নিরাপত্তা পুরোপুরি নিশ্চিত করা সম্ভব হচ্ছে না।

ভবিষ্যৎ পরিকল্পনা:

আগামী ২০২৫ সালের মধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ৫৫০ কিলোমিটার সড়ক ৪/৬/৮ লেনে উন্নীতকরণ, ১৫০ কিলোমিটার নতুন সড়ক নির্মাণ, ১৮০০ কিলোমিটার জাতীয় মহাসড়ক মেরামত/সংস্কার/ পুনর্বাসনকরণ, ১২৭০০ কিলোমিটার আঞ্চলিক/জেলা মহাসড়ক মেরামত/সংস্কার/পুনর্বাসনকরণ, ৩৭৫০০ মিটার সেতু নির্মাণ, ১১০০০ মিটার ফ্লাইওভার নির্মাণ ও ৩০টি লোড কন্ট্রোল ষ্টেশন স্থাপন করার পরিকল্পনা রয়েছে। ২০৩০ সালের মধ্যে ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে এবং পরিবেশ উন্নয়নে ডিএমটিসিএল এর আওতায় অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬টি মেট্রোরেলের সমন্বয়ে মোট ১২৮.৭৪১ কিলোমিটার দীর্ঘ ও ১০৪টি স্টেশন বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার কর্মপরিকল্পনা রয়েছে।মানসম্পন্ন চালক সৃষ্টি ও সড়ক নিরাপত্তা পরিস্থিতির উন্নয়নকল্পে আগামী ২০২৫ সালের মধ্যে ময়মনসিংহ, কুমিল্লা, নোয়াখালী, রাঙামাটি ও ফরিদপুর জেলা সদরে বিআরটিএ ভবনসহ ভিআইসি ও আবাসিক সুবিধাসমন্ন মোটর ড্রাইভিং টেস্টিং, ট্রেনিং এন্ড মাল্টিপারপাস সেন্টার (BMDTTMC) নির্মাণের পরিকল্পনা রয়েছে।২০২৩ সালের মধ্যে বিআরটিসি'র প্রতিটি ডিপোতে আধুনিক মেরামত কারখানা ও ওয়াশিং প্ল্যান্ট স্থাপন এবং ৫০ টি পরিবেশবান্ধব বাসসহ মোট ২০০ টি বাস সংগ্রহের পরিকল্পনা রয়েছে।

২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- সাসেক প্রকল্পের ১০০% ও সাসেক-২ প্রকল্পের ৫০% বাস্তবায়ন;
- চট্টগ্রাম-রাঙ্গামাটি জাতীয় মহাসড়কের হাটহাজারি হতে রাউজান সড়কাংশ ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের ৭৫% বাস্তবায়ন;
- পায়রা সেতু প্রকল্পের ৯৪% বাস্তবায়ন ও তৃতীয় শীতলক্ষ্যা সেতু প্রকল্পের ৯৫% বাস্তবায়ন;
- এমআরটি-৬ ও বিআরটি প্রকল্পের যথাক্রমে ৯০% ও ৮০% কাজ বাস্তবায়ন এবং
- মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যুর জন্য গড় সময় ০২ দিনে নামিয়ে আনা ও ডিজিটাল পদ্ধতিতে কর ও ফি আদায় গত বছরের তুলনায় ৬.৭% বৃদ্ধি করা।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী, প্রতিনিধি হিসাবে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২১ সালের জুলাই মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

টেকসই মহাসড়ক নেটওয়ার্ক ও নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থা।

১.২ অভিলক্ষ্য (Mission)

উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে টেকসই মহাসড়ক অবকাঠামো গড়ে তোলা এবং পরিবহন সেবা ও ব্যবস্থাপনার মান উন্নয়নের মাধ্যমে সমন্বিত নগর গণপরিবহনসহ নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থা প্রতিষ্ঠা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ
২. সড়ক নিরাপত্তা জোরদারকরণ
৩. দ্রুত গতিসম্পন্ন আধুনিক গণপরিবহন ব্যবস্থার প্রবর্তণ এবং সম্প্রসারণ
৪. সরকারি পরিবহন সেবা সম্প্রসারণ ও এ বিভাগের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি
৫. মোটরযান ব্যবস্থাপনার আধুনিকায়ন

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. মহাসড়ক নেটওয়ার্কের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রম;
২. জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়কসমূহের উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম;
৩. অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে গুরুত্বপূর্ণ মহাসড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন কার্যক্রম;
৪. সড়ক নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন;
৫. ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা প্রবর্তন ও পরিচালনা কার্যক্রম;
৬. দ্রুত গতিসম্পন্ন সমন্বিত গণপরিবহন ব্যবস্থার প্রবর্তন ও পরিচালনা কার্যক্রম;
৭. অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে যাত্রী পরিবহন ও পণ্য পরিবহন সেবা প্রদান;
৮. সড়ক পরিবহন সেক্টরে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপকে উৎসাহিত করা।